



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্গাপুর, নেত্রকোণা।

স্মারক নং-০৫.৪৫.৭২০০.০০০.৯৯.০০৮.২০-৬৪

তারিখঃ ১৪ জানুয়ারী, ২০২৪

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানান যাচ্ছে যে, দুর্গাপুর উপজেলার 'বিজয়পুর ও ভবানীপুর হতে শাশান ঘাট পর্যন্ত ০১ নম্বর বালুমহাল' ও 'দুর্গাপুর শাশান ঘাট হতে চৈতাটি পর্যন্ত ০২ নম্বর বালুমহাল'-এ উত্তোলিত বালুর সাথে উপজাত (By Product) হিসেবে উত্তোলিত ১,২৬,৫০০ (এক লক্ষ ছাশিশ হাজার পাঁচশত) ঘনফুট নুড়ি পাথর ও সাধারণ পাথর (যেখানে যে অবস্থায় আছে) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর বিধি ৯৩(২)(খ) অনুসারে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। নিলাম ডাকে বাংলাদেশের যে কোন স্থায়ী নাগরিক অংশগ্রহণ করতে পারবেন। নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে আগামী ১৬ জানুয়ারী, ২০২৪ তারিখ বেলা ০৩-০০ টার সময় দুর্গাপুর উপজেলা পরিষদ হলরুমে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য বলা হলো।

শর্তাবলীঃ

০১. নুড়ি পাথর ও সাধারণ পাথর নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ব্যাংক ড্রাফট বা নগদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (ফেরতযোগ্য) জামানত হিসেবে জমা করে এবং নিলাম ডাকের ব্যয়ভার মিটানোর জন্য অফেরতযোগ্য নগদ ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করতঃ নাম এন্ট্রি করে বিডসিটে স্বাক্ষর করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
০২. নিলাম ডাকে সাধারণতঃ সর্বোচ্চ ডাককারীর ডাক গ্রহণ করা হবে।
০৩. সর্বোচ্চ ডাককারীর নিলাম ডাক গৃহিত হওয়ার সাথে সাথে নিলাম ডাকের সাকুল্য টাকা ও বিধি মোতাবেক ১৫% হারে ভ্যাট ১/১১৩৩/০০১৫/০৩১১ কোডে ও ১০% হারে আয়কর ১/১১৪১/০১২৫/০১১১ নং কোডে এবং ইজারা/নিলামের সাকুল্য টাকা ১/৪২৪১/০০০০/২৬৮১ নং কোডে চালানোর মাধ্যমে জমা করতঃ চালান কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে এবং নিলাম ডাক সম্পন্ন হওয়ার পরদিন হতে আবশ্যিকভাবে ১৫ (পনের) দিনের মধ্যে পাথর অপসারণ কাজ সম্পন্ন করতে হবে।
০৪. স্থপিকৃত নুড়ি পাথর ও সাধারণ পাথর স্থানীয় দর অনুযায়ী প্রতি ঘনফুটের মূল্য ৩৮/- টাকা থেকে ৪০/- টাকা হতে পারে।
০৫. কোন কারণে সর্বোচ্চ ডাককারী বা গৃহিত ডাককারী নিলাম ডাকের অবশিষ্ট টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে তার ডাক বাতিল বলে গণ্য হবে এবং জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
০৬. সর্বোচ্চ ডাককারী বা গৃহিত ডাককারী ডাকের টাকা পরিশোধে ব্যর্থতার কারণে তার ডাক বাতিল হলে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীর ডাক গ্রহণ করা হতে পারে অথবা পুনরায় নিলামের তারিখ ধার্যক্রমে পুনঃ নিলাম ডাকের ব্যবস্থা করা হতে পারে অথবা কমিটির সিদ্ধান্ত অনুসারে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
০৭. নিলাম ডাক কার্যক্রম সমাপ্তির সাথে সাথে নিলাম ডাকে অংশগ্রহণকারীদের জামানতের সাকুল্য টাকা/বিডি ফেরত প্রদান করা হবে।
০৮. নিলাম ডাক শুরু হওয়ার পূর্বে যেখানে যে অবস্থায় সংরক্ষিত নুড়ি পাথর ও সাধারণ পাথর রয়েছে তা পরিদর্শন করা যাবে। উল্লিখিত স্থানে নুড়ি পাথর ও সাধারণ পাথরের মজুদকৃত পরিমাণের বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবেনা বা নিলামের পর বুঝিয়ে দেয়া হবেনা। নিলামে অংশগ্রহণের পূর্বেই নিলাম ডাককারীকে এ বিষয়ে পরিষ্কার ধারণা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৯. নিলামে বিক্রয়কৃত পাথরের পরিমাণ বিবেচনায় নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে নিজ খরচে পাথর অপসারণ করতে হবে এবং উক্ত সময়ের বিষয়ে নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার সাথে সাথে স্থপিকৃত নুড়ি পাথর ও সাধারণ পাথর সরকারি পাথর হিসেবে পরবর্তী নিলামে বিক্রয় করা যাবে।
১০. নিলাম ডাক কাঙ্ক্ষিত মূল্য না হলে কর্তৃপক্ষ পুনরায় বিজ্ঞপ্তির মাধ্যমে নিলামের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
১১. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীতই যে কোন ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(স্বাক্ষর) আরিফুল ইসলাম প্রিন্স
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক
নুড়ি পাথর ও সাধারণ পাথর নিলাম কমিটি
দুর্গাপুর, নেত্রকোণা।
তারিখঃ ২৭ ডিসেম্বর, ২০২৩

স্মারক নং-০৫.৪৫.৭২০০.০০০.৯৯.০০৮.২০-১২৭৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৭ নেত্রকোণা-১।
 - ০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
 - ০৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।
 - ০৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
- অনুলিপি জ্ঞাতার্থে ও বহল প্রচারের জন্যঃ
- ০১। মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা।
 - ০৩। উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ১৫৩-পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
 - ০৪। উপজেলা কর্মকর্তা, দুর্গাপুর, নেত্রকোণা।
 - ০৫। চেয়ারম্যান, ইউপি (সকল), দুর্গাপুর, নেত্রকোণা।